



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪২৮.১৪-১৩০৫

তারিখঃ ১৪/০৫/২০১৭ খ্রিঃ

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো),
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,
উপজেলাঃ দুমকি, জেলাঃ পটুয়াখালী।

বিষয়ঃ কৈফিয়ত তলব ও বেতন স্থগিত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের গতিবিধি Team Tracker Service এর মাধ্যমে প্রতি ২০ মিনিট অন্তর অন্তর প্রকল্প সদর দপ্তর হতে পর্যবেক্ষণ এবং সমিতি পরিদর্শন না করার বিষয়টি প্রমাণিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে প্রকল্পের স্মারক নং ২৩১ তারিখঃ ১৮/৪/২০১৭ খ্রিঃ মূলে নির্দেশনা দেয়া হয়। সম্প্রতি কর্তৃপক্ষ কর্তৃক মোবাইল ট্র্যাকিং এ দেখা যায় আপনার অনুকূলে সরবরাহকৃত সীমটি বিগত ১৪ (চৌদ্দ) দিন একই জায়গায় অবস্থান করছে। এতে প্রতীক্ষিত হয় যে আপনি সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে সমিতি পরিদর্শন করেন নি অথবা মোবাইল সীম সচল অবস্থায় সুবিধাজনক কোথাও রেখে দিয়েছেন; যা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রতারণার সামিল। এমতাবস্থায়, সদর দপ্তরের নির্দেশনা অমান্য করাসহ কর্তৃপক্ষের সাথে প্রতারণামূলক কর্মকাণ্ডের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

০২। এছাড়া আপনার অবস্থান বিগত ১৪ দিন একই জায়গায় থাকায় ১৪ (চৌদ্দ) দিনের বেতন স্থগিত করার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

শামীমা আক্তার
সহকারী পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ দুমকি, জেলাঃ পটুয়াখালী।
(উপর্যুক্ত নির্দেশনার আলোকে বেতন স্থগিতের প্রমাণক হিসেবে বেতন বিলের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২. উপ-পরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
৩. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।